

Embassy of the
People's Republic of Bangladesh
Doha, Qatar



سفارة
جمهورية بنغلاديش الشعبية
الدوحة - قطر

নং-১৯.০১.৯৭৪১.০০৭.১১.০৬১.২৪-

তারিখ: ২৫-০৮-২০২৪খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

কাতারস্থ বাংলাদেশ দূতাবাসের শ্রম কল্যাণ উইংয়ে সম্পূর্ণ অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানীয়ভিত্তিক ড্রাইভার কাম ম্যাসেঞ্জার শূন্য পদে একজন যোগ্য প্রার্থী নির্বাচনের বিষয়ে নিম্নোক্ত শর্তসমূহের প্রেক্ষিতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১। ড্রাইভার কাম ম্যাসেঞ্জার পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য নিম্নরূপ যোগ্যতা হতে হবে:

- (১) শিক্ষাগত যোগ্যতাঃ অষ্টম পাস অথবা সমমান;
- (২) কাতারের বৈধ ড্রাইভিং লাইসেন্স;
- (৩) আরবী ও বাংলা ভাষার দক্ষতা;
- (৪) ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের ড্রাইভিং অভিজ্ঞতা;
- (৫) ডিপ্লোমেটিক মিশনগুলোতে চাকরী করার অভিজ্ঞতা (যদি থাকে)

০২। আগ্রহী প্রার্থীগণ আগামী ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি (দূতাবাসের ১৬ নং কক্ষে) অথবা labour.doha@mofa.gov.bd ইমেইলের মাধ্যমে মান্যবর রাষ্ট্রদূত মহোদয় বরাবর মোবাইল নম্বর, যোগাযোগের ঠিকানা ও স্বাক্ষরসহ লিখিত আবেদনপত্র দাখিল করবেন। আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রের সাথে (ক) পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (পাসপোর্ট সাইজ ছবি সম্বলিত), (খ) কাতারি আইডি কপি, (গ) পাসপোর্টের কপি (ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও কাতারে বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং চ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) সংযুক্ত করে দাখিল করতে হবে;

০৩। প্রাপ্ত আবেদন থেকে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুতপূর্বক শুধুমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার জন্য নির্বাচন করা হবে।

০৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



আদেশক্রমে বাংলাদেশ দূতাবাস